DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 12 Nov 2026, 02:24 PM

ক্যাম্পাস

জবিতে ছাত্রদল-শিবির সংঘর্ষে উত্তপ্ত ক্যাম্পাস

প্রতিবেদক: জবি প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (৪ আগস্ট) দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে এ ঘটনা ঘটে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যানের উপস্থিতিতে একটি অনুষ্ঠান চলাকালে দুই পক্ষের মধ্যে উত্তেজনা তৈরি হয়। পরে তা সংঘর্ষে রূপ নেয়।

ঘটনায় জকসুর ভিপি, জিএসসহ ছাত্রশক্তি ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কয়েকজন নেতাকর্মী আহত হয়েছেন। এছাড়া জবি প্রেস ক্লাবের অর্থ সম্পাদক কামরুজ্জামান গুরুতর আহত হন।

ক্যাম্পাস সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত □জুলাই গণঅভ্যুত্থান□ আলোকচিত্র প্রদর্শনী চলাকালে ছাত্রশিবিরের নেতাকর্মীরা বিভিন্ন দাবি নিয়ে মিছিল ও স্লোগান দেন। এতে অনুষ্ঠানস্থলে উত্তেজনা সৃষ্টি হয়। একপর্যায়ে ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে বাকবিতণ্ডা শুরু হলে তা ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে গড়ায়।

প্রত্যক্ষদর্শীরা জানান, সংঘর্ষের সময় দুই পক্ষই ক্যাম্পাসের বিভিন্ন স্থানে অবস্থান নেয়। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

সংঘর্ষের পর ক্যাম্পাসে অতিরিক্ত সতর্কতা জারি করা হয়েছে। গুরুত্বপূর্ণ স্থানে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকলেও শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ বিরাজ করছে।

এ ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসন, ছাত্রদল বা ছাত্রশিবিরের পক্ষ থেকে তাৎক্ষণিকভাবে কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।

এ বিভাগের আরও খবর





জবি সাংবাদিক সমিতির নতুন সভাপতি শাহাদাত ও সম্পাদক রাকিব

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (জবিসাস) ২০২৬-২৭ বর্ষের নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন প্রথম আলোর...



সাত মাসে তিন দফা রদবদল, জবির নতুন প্রক্টর অধ্যাপক নাছির আহমাদ

এ বছরের গত ৩০ মার্চ থেকে ২৮ অক্টোবর পর্যন্ত সাত মাসের ব্যবধানে তিন দফা রদবদল হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) প্রক্টর পদে। যার মধ্যে একজন...



জবির সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী উপলক্ষে আলোচনা ও ক্রেস্ট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলব...



বেগম খালেদা জিয়া হল, এক দশকেও অসমাপ্ত নির্মাণকাজ

নাম বদলে □শেখ হাসিনা হল□ থেকে □বেগম খালেদা জিয়া হল□ করা হয়েছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) নির্মাণাধীন ১০ তলাবিশিষ্ট ছাত্রী...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/campus/jbite-chhatrdl-shibir-sngghrshe-uttpt-kjampas-2